

**B.A. 3rd Semester (Honours) Examination, 2019-20****BENGALI****Course ID : 30115****Course Code : AH/BNG/305-SEC-1****Course Title: ব্যবহারিক বাংলা ও অনুবাদ চর্চা****Time: 2 Hours****Full Marks: 40**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

২×২০=৪০

- (১) সংস্কৃত গহ্ববিধান কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য?  
(অ) তৎসম (আ) তদ্ভব (ই) অর্ধতৎসম
- (২) বিকল্পাত্মক বিশেষণ হিসেবে নিম্নলিখিত কোনটির ব্যবহার যুক্তিযুক্ত?  
(অ) কী (আ) কি (ই) দুটোই ব্যবহার করা যাবে
- (৩) বাংলা আকাদেমি বানানবিধি অনুসারে ক্ষুদ্র, ক্ষেত, ক্ষ্যাপা প্রভৃতি অতৎসম শব্দের ক্ষেত্রে নিম্নলিখিত কোন নিয়মটি প্রযোজ্য?  
(অ) 'ক্ষ' ব্যবহার করা উচিত।  
(আ) 'ক্ষ' বর্জন করে 'খ' ব্যবহার করা উচিত।  
(ই) 'খ'-এর পর য-ফলা ব্যবহার করা উচিত।
- (৪) আরবি-ফারসি শব্দের ক্ষেত্রে শ-য-স-এর মধ্যে কোনটির ব্যবহার যুক্তিযুক্ত?  
(অ) শ (আ) য (ই) স
- (৫) নিম্নলিখিত কোন বানানটি শুদ্ধ?  
(অ) অলংকার (আ) অলম্কার (ই) অলঙ্কার
- (৬) যতির উপর কোনটি নির্ভরশীল?  
(অ) বাক্যের অর্থ (আ) ছন্দের দোলা (ই) কোনোটিই নয়
- (৭) যতি কয় প্রকার?  
(অ) দুই প্রকার (আ) তিন প্রকার (ই) চার প্রকার
- (৮) দুই পর্বের মধ্যস্থিত যতিকে কী বলা হয়?  
(অ) অর্থযতি (আ) অর্ধযতি (ই) পূর্ণযতি
- (৯) নিম্নলিখিত কোন বিকল্পটিতে যতির সঠিক ব্যবহার হয়েছে?  
(অ) ভূতের মতন। চেহারা যেমন। নির্বোধ অতি। যোর।  
(আ) ভূতের মতন। চেহারা যেমন।। নির্বোধ অতি। যোর।  
(ই) ভূতের মতন। চেহারা যেমন। নির্বোধ অতি। যোর।।

- (১০) পাদটীকা দেওয়ার সঠিক নিয়ম কোনটি?  
 (অ) গ্রন্থনাম, লেখকের নাম, প্রকাশকাল, পাবলিকেশন, পৃষ্ঠা  
 (আ) লেখকের নাম, গ্রন্থনাম, পাবলিকেশন, পৃষ্ঠা, প্রকাশকাল  
 (ই) লেখকের নাম, গ্রন্থনাম, পাবলিকেশন, প্রকাশকাল, পৃষ্ঠা
- (১১) তথ্য-উৎসমূলক প্রকাশনার তালিকাকে কী বলা হয়?  
 (অ) গ্রন্থপঞ্জী (আ) পাদটীকা (ই) তথ্যনির্দেশ বা নির্দেশিকা
- (১২) ফোনেমিক, লিটেরাল, মেট্রিক্যাল প্রভৃতি শব্দগুলি নিম্নলিখিত কোনটির সঙ্গে সম্পর্কযুক্ত?  
 (অ) অনুবাদ (আ) বানান (ই) তথ্যসূত্র
- (১৩) 'সপ্তসিন্ধু দশ দিগন্ত'—গ্রন্থটির প্রথম সংস্করণের প্রকাশকাল কত?  
 (অ) বৈশাখ ১৩৫৩ (আ) মাঘ ১৩৫৩ (ই) মাঘ ১৩৫৪
- (১৪) মহাভারতের বাংলা অনুবাদ প্রথম কে করেছিলেন?  
 (অ) কবীন্দ্র পরমেশ্বর (আ) শ্রীকর নন্দী (ই) কাশীরাম দাস
- (১৫) চন্দ্রাবতী নিম্নলিখিত কোন গ্রন্থের অনুবাদের সঙ্গে যুক্ত?  
 (অ) রামায়ণের অনুবাদ (আ) মহাভারতের অনুবাদ (ই) ভাগবতের অনুবাদ
- (১৬) বুদ্ধদেব বসুর 'স্তোত্র' কবিতাটি কোন কবির কবিতা থেকে অনুদিত?  
 (অ) নোভালিস (আ) শার্ল বোদলেয়ার (ই) আর্থুর র্যাঁবো
- (১৭) 'আমি বাঁচিয়েছি ধ্বস্ত প্রেমের আকৃতি .....'- কোন কবিতার অংশ?  
 (অ) একশব (আ) বনের দেবতা (ই) হেমন্ত
- (১৮) 'বনের দেবতা' কবিতাটি কে, কার কবিতা থেকে অনুবাদ করেছেন?  
 (অ) বুদ্ধদেব বসু, পল ভেরলেনের  
 (আ) অলোকরঞ্জন দাশগুপ্ত, পল ভেরলেনের  
 (ই) বুদ্ধদেব বসু, জুল লাফর্গের
- (১৯) অনুবাদ করতে গিয়ে অনুবাদককে সবচেয়ে বেশি সমস্যায় পড়তে হয় কোন ক্ষেত্রে?  
 (অ) কবিতা অনুবাদের ক্ষেত্রে (আ) গল্প অনুবাদের ক্ষেত্রে (ই) প্রবন্ধ অনুবাদের ক্ষেত্রে
- (২০) লেখক যখন নিজের কোন লেখাকে অন্যভাষায় রূপান্তরিত করেন, তখন তাকে কোন ধরনের অনুবাদ বলে?  
 (অ) আক্ষরিক অনুবাদ (আ) অন্যকৃত অনুবাদ (ই) স্বকৃত অনুবাদ